# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২০১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৩. বিড়ালের উচ্ছিষ্ট

## بَاب سُؤْرِ الْهِرَّةِ

আরবী

نَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا حَمَّادُ بْنُ الْحَسَنِ وَبَكَّارُ بْنُ قُتَيْبَةَ ، قَالَا : نَا أَبُو عَاصِمٍ ، نَا قُرَّةُ بْنُ خَالِدٍ ، نَا مُحَمَّدُ بْنُ سِيرِينَ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " طُهُورُ الْإِنَاءِ إِذَا وَلَغَ فِيهِ الْكَلْبُ يُغْسَلُ سَبْعَ مَرَّاتٍ ، الْأُولَى بِالتُّرَابِ ، وَالْهِرُّ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ " . قُرَّةُ يَشُكُّ. قَالَ : أَبُو بَكْرٍ : كَذَا رَوَاهُ أَبُو عَاصِمٍ مَرْفُوعًا ، وَرَوَاهُ غَيْرُهُ عَنْ قُرَّةَ : وُلُوغُ الْكَلْبِ مَرْفُوعًا ، وَوُلُوغُ الْهِرِّ مَوْقُوفًا

বাংলা

২০১(৮). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুকুর পাত্রে মুখ দিলে পরিষ্কার করার নিয়ম এই যে, তা সাতবার ধৌত করতে হবে এবং প্রথমবার মাটি দিয়ে ঘষতে হবে। আর বিড়ালের ক্ষেত্রে একবার বা দুইবার ধৌত করতে হবে।

রাবী কুররা (রহঃ) সন্দেহে পতিত হয়েছেন। আবু বাকর (রহঃ) বলেন, হাদীসটি আবু আসেম এভাবে মারফূরূপে বর্ণনা করেছেন। অন্যরা রাবী কুররা (রহঃ) থেকে কুকুর পাত্রে মুখ দেওয়ার হাদীসটি মারফুরূপে এবং বিড়াল পাত্রে মুখ দেওয়ার হাদীসটি মাওকুফরূপে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ￭ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন